



খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি  
ঠিকরাবন্দ, খুলনা

দুরালপনী  
অফিস/বাসা : ০৪১-৭২১২২১  
অভিযোগকেন্দ্র : ০৪১-৮১০৮২০ (১০১-১১৬)  
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১২২১  
ই-মেইল : khulanpbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৩৩.০১.০২১.১৮. ৩৭৭৮

তারিখ:- ২৬/চৈত্র/১৪২৪ বঙ্গা  
০৯/এপ্রিল/২০১৮ খ্রি:

**বিষয়:- “ গ্রাউন্ডিং সেট ” ক্রয় এর নিমিত্তে রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহবান প্রসঙ্গে।**

নিম্নবর্ণিত স্পেসিফিকেশন ও বিবরণ অনুযায়ী “গ্রাউন্ডিং সেট” ক্রয়ের জন্য খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি এর নিজস্ব ভহবিলের আওতায় বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী /সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) আহ্বান করা যাচ্ছে।

RFQ নং	মালামালের বিবরণ	আইটেম নং	মালামালের পরিমাণ	দাখিলকৃত উদ্ধৃত মূল্য(টাকা)	
				একক মূল্য	মোট মূল্য
৫৩/২০১৭-২০১৮	গ্রাউন্ডিং সেট- (তিন ফেজ) ০৩ টি = ০১ সেট ৬০০/১১০০ ভোল্ট, ৫০০ অ্যাম্পস ফ্লেক্সিবল ওয়েলডিং ক্যাবল, ১০০% কপার NANYANG BRAND / বিভিন্ন BRAND (অথবা সমিতি কর্তৃক প্রদত্ত নমুনা)	টি এল-৩১২	১০ সেট		
সর্বমোট মূল্য=					


**কথায়:-**

- ০১। রিকুয়েস্ট ফর কোটেশন (RFQ) জমা দেয়ার তারিখ ও সর্বশেষ সময়:- ১৬/০৪/২০১৮ তারিখ, দুপুর ১২:০০ ঘটিকা।
- ০২। (RFQ) জমা দেয়ার স্থান : পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।
- ০৩। (RFQ) খোলার তারিখ, সময় ও স্থান : ১৬/০৪/২০১৮ তারিখ, দুপুর ১২:৩০ ঘটিকা, পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা।

**শর্তাবলী:-**

- ০১। দরপত্র উপরে বর্ণিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ছুটি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) অফিস সময়ে ব্যক্তিগতভাবে/ ডাকযোগে/কুরিয়ার যোগে উপরোক্ত দপ্তরে রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহন করা যাবে না। দাখিলকৃত দরপত্র বর্ণিত সময় সূচী অনুযায়ী দরপত্র দাখিলকৃত স্থানে দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্রের বিপরীতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে, খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ব্যাংক সলভেন্সী সনদ, ভ্যাট নিবন্ধন নম্বর ও অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ০৩। খামের উপর “গ্রাউন্ডিং সেট সরবরাহের দরপত্র” কথাটি স্পষ্টাকারে লিখতে হবে এবং ১৬/০৪/২০১৮ইং, তারিখ ১২:৩০ ঘটিকার পূর্বে খোলা যাবে না মর্মে লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গন্য হবে।
- ০৪। সরবরাহকৃত মালামালের ন্যূনতম ০১ (এক) বছরের ওয়ারেন্টি থাকতে হবে।

- ০৫। দরপত্রে একক দর ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে সর্বশ্রেষ্ঠে একক দর গ্রহনযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।
- ০৬। দরপত্রে উদ্ধৃত একক দর এবং মোট দর স্পষ্টাঙ্করে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি /ওভার রাইটিং/ ফুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না। দরপত্র সঠিক ভাবে পূরণ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
- ০৭। দরপত্র বা মালামালের স্পেসিফিকেশন সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩(তিন) দিন পূর্বে উপরোক্ত ঠিকানায় লিখিতভাবে জানাতে হবে।
- ০৮। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক ০৭(সাত) দিনের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে অবশ্যই মালামাল সরবরাহ করতে হবে।
- ০৯। সর্বনিম্ন ও সর্বোত্তমভাবে রেসপনসিভ দরদাতা প্রতিষ্ঠানকে মালামাল সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান মালামাল ডেলিভারী প্রদানের প্রাক্কালে পবিসের একজন প্রতিনিধির উপস্থিতিতে মালামালের গুণগত মান (নমুনা মোতাবেক) যাচাই পূর্বক মালামাল গ্রহন করা হবে।
- ১০। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর সরবরাহকারী প্রতিষ্ঠানকে খুলনা পবিস কর্তৃক সরাসরি মালামালের মূল্য একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১১। সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত মূল্যের উপর ভ্যাট/ আয়কর কর্তন করা হবে।
- ১২। দরপত্রে উল্লেখ নাই এমন কোন বিষয়ে সমস্যা উদ্ভব হলে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃগক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ১৩। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা অত্র পবিস কর্তৃগক্ষ কর্তৃক সংরক্ষিত।


  
(শহীদুল কারিম)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (নির্ধারিত সময়ে দরপত্র জমা নেওয়ার ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)
- ০২। জেলা প্রশাসক, খুলনা।
- ০৩। পুলিশ সুপার, খুলনা।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার ..... পবিস-১/২/৩/৪
- ০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, খুলনা।
- ০৬। ডিজিএম- (সদর-কারিগরী), খুলনা পবিস।
- ০৭। এজিএম (অর্থ/ওএন্ডএম), খুলনা পবিস।
- ০৮। মেসার্স-----।
- ০৯। নোটিশ বোর্ড, সদর দপ্তর, খুলনা পবিস।
- ১০। অফিস/মাস্টার কপি।

নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

  
সিনিয়র জেনারেল ম্যানেজার  
খুলনা পবিস।  
৩৬